দৈনিক বাংলা

তারিখ 14 NOV 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

36

## প্রধানমন্ত্রীর সঙ্গে শিক্ষক সমিতির সদস্যদের সাক্ষাৎ

# সন্ত্রাস দমন পদক্ষেপে রাজশাহী ভার্সিটি শিক্ষকদের সন্তোষ

রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি সন্ত্রাস দমনে বর্তমান সরকারের গৃহীত পদক্ষেপকে অভিনন্দন জানিয়েছে।

শিক্ষক সমিতি সদস্যরা শুক্রবার প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে তার সুগন্ধা কার্যালয়ে দেখা করে এই অভিনন্দন জানান।

বাসস'র খবরে প্রকাশ, শিক্ষকরা বলেন, সন্ত্রাসী তৎপরতা বেড়েই চলছিল আর তাই তা দমনে ব্যবস্থা গ্রহণ অপরিহার্য হয়ে পড়ে। সন্ত্রাস রোধ করা না হলে তা সর্বস্তরে ছড়িয়ে পড়ত।

তারা বলেন, সরকার গৃহীত পদক্ষেপে সন্ত্রাস দমন হয়েছে। সংবাদপত্রের খবর থেকেই তা প্রতীয়মান হয়েছে বলে তারা উল্লেখ করেন।

তারা প্রধানমন্ত্রীর প্রতি সন্ত্রাস দমন আইন সকল পর্যায়ে সমভাবে প্রয়োগের আহ্বান জানান। তারা বলেন, নির্ধারিত সময়ে বিশ্ববিদ্যালয় থেকে বেরিয়ে আসার জন্য ৯৫ শতাংশ ছাত্রই পরীক্ষার তারিখ পিছাতে চায় না।

প্রধানমন্ত্রী সন্ত্রাস দমনে তার সরকার গৃহীত পদক্ষেপ সমর্থন করার জন্য শিক্ষকদের ধন্যবাদ জানান। তিনি বলেন, সন্ত্রাস দমন আইন চালু হবার পর শিক্ষা প্রতিষ্ঠানসমূহে পরিস্থিতির উন্নতি হয়েছে।

শিক্ষকরা প্রধানমন্ত্রীর কাছে ১২ দফা স্মারকলিপি পেশ করেন। এতে তারা কয়েকজন শিক্ষকের টাইম-স্কেলের সমস্যা সমাধান, একাডেমিক ভবন ও শিক্ষকদের জন্য আবাসিক ফ্লাট নির্মাণ, কেন্দ্রীয় পাঠাগার প্রতিষ্ঠা, শিক্ষকদের গবেষণা কাজের জন্য

(আটের পাতায় ৪-এর কঃ দ্রঃ)

### সন্ত্রাস দমন পদক্ষেপে

( প্রথম পাতার পর )

তহবিল ও পরিবহণ সমস্যা সমাধানের দাবী জানান।

সমিতির সভাপতি অধ্যাপক শামসুর রহমান ও সাধারণ সম্পাদক ফয়সুল ইসলাম ফারুকী সমিতি সদস্যদের নেতৃত্ব দেন।

পূর্তমন্ত্রী রফিকুল ইসলাম মিয়া, তথ্যমন্ত্রী নাজমুল হুদা, জ্বালানীমন্ত্রী ডঃ খন্দকার মোশাররফ হোসেন ও শিক্ষা প্রতিমন্ত্রী মোঃ ইউনুস খান এ সময়ে উপস্থিত ছিলেন।